

U.G. 4th Semester Examination 2022

BENGALI (Honours)

Paper Code : BNGH - DC - 8

**GOUR
MAHAVIDYALAYA**

(রবীন্দ্রকাব্য, ছোটোগল্পের সংরূপ ও ছোটোগল্প)

Full Marks : 32

Time : Two Hours

*The figures in the margin indicate full marks.
Candidates are required to give their answers
in their own words as far as practicable.*

- ১। মানবতার চিরশত্রু যুদ্ধপ্রিয়দের প্রতি কবি রবীন্দ্রনাথের আপসহীন সংগ্রামের কথা ‘শঙ্খ’ কবিতায় ধরা পড়েছে। সংক্ষেপে কবির এই মনন-কথা ব্যক্ত করো। ৮

অথবা

ধ্বংস থেকে সৃষ্টি, সৃষ্টি থেকে ধ্বংস — দুটোর মধ্যে বহমান অন্তরালবর্তী আনন্দময় যে লীলার কথা রবীন্দ্রনাথ তার ‘তপোভঙ্গ’ কবিতায় ব্যক্ত করেছেন, তার পরিচয় দাও। ৮

- ২। ‘একটি সাধারণ মেয়ের গল্প লেখো তুমি’ — কে, কাকে গল্প লিখতে অনুরোধ করেছেন? এই অনুরোধে গল্পটির ঘটনা-চিত্রের যে বিবরণ উল্লিখিত হয়েছে, স্বরূপ বুঝিয়ে লেখো। ৮

অথবা

গ্রাম বাংলার সাধারণ গৃহবধূর জীবনচিত্র অবলম্বনে রচিত ‘বধূ’ কবিতাটিতে রবীন্দ্রনাথের কবি-কল্পনার যে স্ফুরণ আমরা লক্ষ করি, তার বাস্তবতা বিষয়ে আলোচনা করো। ৮

- ৩। ছোটগল্প কাকে বলে? একটি ছোটগল্প বিশ্লেষণ করে তার বৈশিষ্ট্যগুলি বুঝিয়ে দাও। ৮

অথবা

বাংলা ছোটগল্পের উদ্ভবপর্ব (রবীন্দ্রনাথ পর্যন্ত) নিয়ে সংক্ষিপ্ত আলোচনা করো। ৮

- ৪। ‘তুমি শ্বশুর চেন আর আমি জামাই চিনিনে’ — শ্বশুর ও জামাইয়ের পরিচয় দাও। গল্পটি হাস্যরসাত্মক, তবু পরিণতির এই অংশে ট্রাজেডির অন্তঃশীল প্রবাহ পাঠকমনে এক অন্যতর আবেদন বয়ে আনে — ব্যাখ্যা করো। ৮

অথবা

‘আদরিণী’ গল্পের জয়রাম মোক্তার চরিত্রটির সংক্ষিপ্ত পরিচয় দাও। ৮